

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৫ (কারিগরি-১)

নং-৩৭.০০.০০০০.০৭৬.১২.০২৪.১৪-৬৬২

তারিখঃ ১৩ শ্রাবণ ১৪২২ বাং
২৮ জুলাই ২০১৫ ইং


বিষয় : ১৮ মার্চ, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বাল্য বিবাহ সংক্রান্ত পরামর্শক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাননীয় প্রধামন্ত্রীর আন্তর্জাতিক বিষয় উপদেষ্টা ড. গওহর রিজভীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার স্বল্প ও মধ্য মেয়াদে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহের ক ও খ নং ক্রমিকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক(৩) শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় স্কুল, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানোকে নিরুৎসাহিত করে অবিলম্বে পরিপত্র জারী করবে। ধর্মীয় বা অন্য কোন শিক্ষক, কর্মকর্তা/কর্মচারীকে আইনে নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই পাত্র/পাত্রীর বিয়ে পড়াতে হবে এবং বয়স সংক্রান্ত কাগজপত্রও সংরক্ষণ করতে হবে। বিয়ে পড়ানো শিক্ষক সংশ্লিষ্ট বিয়ে রেজিস্ট্রেশনের বিষয়টিও নিশ্চিত করবেন। এ বিষয়গুলো পরিপত্রে উল্লেখ থাকতে হবে।

খ(৩) ছাত্রীদের জন্য শিক্ষা উপবৃত্তির পরিমাণ ও সংখ্যা বৃদ্ধির জন্য শিক্ষা মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত দুটি কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে যথাসম্ভব দ্রুততম সময়ে বাস্তবায়নপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

বিতরণঃ


- ১। মহাপরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী, বগুড়া।
- ৪। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট, ফরিদপুর, ময়মনসিংহ।
- ৫। অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট
- ৬। অধ্যক্ষ, টেকনিক্যাল টিসার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, ভোকেশনাল টিসার্স ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
- ৮। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,
- ৯। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭৬.১২.০২৪.১৪-৬৬২

তারিখঃ ১৩ শ্রাবণ ১৪২২ বাং
২৮ জুলাই ২০১৫ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। উপ-পরিচালক (ইনোভেশন) গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব, শাখা-৪(সমন্বয় ও সংসদ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব